নেত্রকোণায় আন্তর্জাতিক অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস পালিত

নেত্রকোনা প্রতিনিধি:: নেত্রকোণায় আন্তর্জাতিক অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস পালিত
দক্ষতা নিয়ে যাবো বিদেশ, রেমিট্যান্স দিয়ে গড়বো দেশ এই প্রতিপাদ্যকে সামনে রেখে নানা আয়োজনের মধ্য দিয়ে নেত্রকোণায় পালিত হয়েছে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস-২০২৫।
বৃহস্পতিবার জেলা প্রশাসন, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের যৌথ উদ্যোগে এই কর্মসূচি পালিত হয়।
দিবসটি উপলক্ষে সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে টিটিসি কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে একটি ‘প্রবাসী মেলা’ উদ্বোধন করা হয়।
মেলার উদ্বোধন শেষে টিটিসি সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো. সাইফুর রহমান। নেত্রকোণা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রকৌশলী গিয়াস উদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুলিশ সুপার মো. তরিকুল ইসলাম।
আলোচনা সভায় বক্তারা বৈধ পথে রেমিট্যান্স পাঠানোর গুরুত্ব এবং বিদেশে দক্ষ কর্মী পাঠানোর ওপর জোর দেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. ওয়াহিদুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার সজল কুমার সরকার, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অধিদপ্তরের সহকারী পরিচালক মো. লেহাজ উদ্দিনসহ বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা এবং প্রবাস ফেরত কর্মীরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন টিটিসি ইন্সট্রাক্টর সাইদুর রহমান।